দৈনিক সংবাদ

তারিখ FEB 14 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

৭৭

## 'পাঠ্যপুস্তকের ভুল সংশোধন চাই' চিঠি প্রসঙ্গে

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রকাশিত নবম ও দশম শ্রেণীর পাঠ্যরূপে নির্ধারিত 'মাধ্যমিক ভূগোল'- পুস্তকের ৩য় অধ্যায়ের ৩০ পৃষ্ঠায় বর্ণিত তথ্যটি ভুল মনে করে তার সংশোধনী চেয়ে সাধুপাড়া উচ্চ বিদ্যালয়ের (পূর্বধলা, হোগলা-নেত্রকোনা) সিনিয়র শিক্ষক মোঃ আবদুস সালাম গত ১৬-১০-১৪০৫-এর 'সংবাদ'-এ (চিঠিপত্র কলামে) 'পাঠ্যপুস্তকের ভুল সংশোধন চাই' শিরোনামে গুরুতর অভিযোগ সংবলিত চিঠি লিখেছেন। জা. শি. পা বোর্ড কর্তৃপক্ষের নজরে চিঠিখানি পড়েছে বলে আমাদের বিশ্বাস। চিঠিতে বোর্ডের বিরুদ্ধে অভিযোগ করা হলেও বোর্ড কর্তৃপক্ষ আজ পর্যন্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে কোন জবাব দেননি। অভিযোগটির গুরুত্ব বিবেচনায় আমরা বলতে চাই- মাধ্যমিক ভূগোলের ৩য় অধ্যায়ের ৩০ পৃষ্ঠায় বর্ণিত তথ্যটির পূর্ণ উদ্ধৃতি না দিয়ে পত্রলেখক অসম্পূর্ণ উদ্ধৃতি দিয়েছেন যা বক্তব্যের সাথে সামঞ্জস্য রক্ষা করেনি। মূল পুস্তকে রয়েছে ঃ "২১শে মার্চে এসে পৃথিবীর সর্বত্র দিন-রাত সমান হয়। এদিন সূর্য বিষুব রেখার উপর লম্বভাবে কিরণ দেয়। এ দিনকে জলবিষুব বলা হয়। এ সময়কে উত্তর গোলার্ধে বসন্তকাল এবং দক্ষিণ গোলার্ধে শরৎকাল বলা হয়। (চিত্র ১৬)।

উত্তর গোলার্ধে বসন্তকাল দক্ষিণ গোলার্ধে শরৎকাল। শিক্ষক সাহেবের উদ্ধৃতি ও বক্তব্য ঃ '২১শে মার্চে এসে পৃথিবীর সর্বত্র দিন-রাত সমান হয়। এদিনকে জলবিষুব বলা হয়।'.... কিন্তু আমার জানামতে ২১শে মার্চকে বসন্ত বিষুব বা মহাবিষুব বলে এবং ২৩শে সেপ্টেম্বরকে 'জলবিষুব বা শারদ বিষুব' বলে। অথচ পাঠ্যপুস্তকে ২৩শে সেপ্টেম্বরের বর্ণনায় কোন বিষুব সম্পর্কেই উল্লেখ করা হয়নি। বক্তব্যটি আংশিক সত্য। প্রাজ্ঞ শিক্ষকের জ্ঞাতার্থে বলতে হচ্ছে ঃ মাধ্যমিক ভূগোলে ২৩শে সেপ্টেম্বরের বর্ণনাটি নিম্নরূপ ঃ ২১শে মার্চ ও ২৩শে সেপ্টেম্বর সূর্যকিরণ নিরক্ষ রেখার উপর লম্বভাবে পড়ে। এ দুইদিন সূর্য উত্তর ও দক্ষিণ মেরু থেকে সমান দূরে অবস্থান করে। এ দুইদিন পৃথিবীর সর্বত্র দিন-রাত সমান (১২ ঘণ্টা দিন ও ১২ ঘন্টা রাত হয়। যেদিন পৃথিবীর সর্বত্র দিন-রাত সমান হয় সেদিনকে 'বিষুব' বলা হয়। ২১শে মার্চ উত্তর গোলার্ধে হয় বসন্তকাল তাই ঐ দিনকে 'মহাবিষুব' বলে।২৩শে সেপ্টেম্বর উত্তর গোলার্ধে শরৎকাল। ২৩শে সেপ্টেম্বরকে তাই বলা হয় জলবিষুব (পৃঃ ২৬ দ্রঃ)।

*২১শে মার্চ উত্তর গোলার্ধে -বসন্তকাল (Vernalequinox)

২১শে মার্চ দক্ষিণ গোলার্ধে - শরৎকাল (Autumnalequinox)

২৩শে সেপ্টেম্বর উত্তর গোলার্ধে - বসন্তকাল

২৩শে সেপ্টেম্বর দক্ষিণ গোলার্ধে - শরৎকাল।

মোঃ আবদুস সালাম সাহেব ও সংবাদ'কে চিঠির জন্য আন্তরিক ধন্যবাদ।

সিরাজ-উস-সালেহিন ছাবু
মোমিনপুর বাজার,
ডাক-মির্জাপুর দীঘা,
নাটোর।